কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা, বা/ এ, ঢাকা
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) কর্তৃক স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি : ড. অমিতাভ সরকার, চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি।
তারিখ ও সময় : ২৭ জুলাই ২০২১; দুপুর ০২:৩০ ঘটিকা।
স্থান : Zoom Cloud প্লাটফর্মে অনলাইন মিটিং।

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার 'জাতীয় শোক দিবস' যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে উদ্‌যাপন উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সমূহের উপর আলোচনার সূত্রপাত করেন। সভাপতি জানান যে, করোনা ভাইরাস (Covid-19) সৃষ্ট বৈশ্বিক মহামারী এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশ বজায় রেখে 'জাতীয় শোক দিবস ২০২১' পালন করতে হবে। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (সমন্বয়), বিএডিসি প্রস্তাবিত কর্মসূচি উপস্থাপন করেন।

০২. বিস্তারিত আলোচনার পর আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রোজ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদাত বার্ষিকীতে **'জাতীয় শোক দিবস'** যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচির আলোকে বিএডিসি কর্তৃক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র.নং	কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/ দপ্তর
২.১	(১) মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইউনিয়ন পর্যায় পর্যন্ত সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা যথানিয়মে অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ ক্ষেত্রে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে (জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ক্ষেত্রে প্রথমে পূর্ণ উত্তোলন করতে হবে। অত:পর জাতীয় পতাকার প্রস্থের সমপরিমাণ নীচে নামিয়ে পতাকা রাখতে হবে।) (২) জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না ও মানসম্মত জাতীয় পতাকা ব্যবহার করতে হবে।	ক. আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রোজ রবিবার বিএডিসি'র অধীনস্থ সকল অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। (জাতীয় পতাকা অর্ধনমিত রাখার ক্ষেত্রে প্রথমে পূর্ণ উত্তোলন করতে হবে। অতঃপর জাতীয় পতাকার প্রস্থের সমপরিমাণ নীচে নামিয়ে পতাকা রাখতে হবে)। খ. জাতীয় পতাকা ব্যবহারের সময় কোন প্রকার ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার করা যাবে না ও মানসম্মত জাতীয় পতাকা ব্যবহার করতে হবে। গ. কৃষি ভবনে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল ও বঙ্গবন্ধু কর্ণার এ পুষ্পস্তবক অর্পণ করা এবং দোয়া মোনাজাত করা।	ক. সাধারণ পরিচর্যা বিভাগ খ. সকল অফিস প্রধান/ সকল প্রধান শিক্ষক। গ. সাধারণ পরিচর্যা বিভাগ এবং সকল বিভাগ/ অফিস প্রধান।

ক্র.নং	কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/ দপ্তর
২.২	কৃষি মন্ত্রণালয়াধীন দপ্তর/ সংস্থার সংযুক্ত মসজিদ সমূহে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১৫ আগস্ট শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনের রুহের মাগফেরাত কামনায় বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনার ব্যবস্থা করতে হবে।	সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১৫ আগস্ট শাহাদত বরণকারী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার পরিজনের রুহের মাগফেরাত কামনায় আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রোজ রবিবার বিএডিসি'র স্টাফ কোয়াটার মসজিদসহ ও বিএডিসি'র আওতায় মাঠ পর্যায়ের সকল মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা করা।	ক. নিয়োগ ও কল্যাণ বিভাগ খ. সকল বিভাগ/ অফিস প্রধান।
২.৩	কৃষি তথ্য সার্ভিস বিটিভিতে জাতীয় শোক দিবস তাদের 'বাংলার কৃষি' অনুষ্ঠানে বঙ্গবন্ধু ও কৃষি সম্পর্কে একটি বিশেষ প্রামাণ্য চিত্র এবং কমিউনিটি রেডিওতে ১৫ আগস্ট উপলক্ষ্যে বিশেষ বুলেটিন প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ৩০(ত্রিশ) হাজার পোস্টার ছাপানোর ব্যবস্থা করবে। এছাড়াও কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত 'বঙ্গবন্ধুর স্বপ্নের কৃষি' ডকুমেন্টারিটি ১৫ আগস্ট বিটিভি-তে ভিডিও প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। ১৩, ১৪ ও ১৫ আগস্ট অফিস বন্ধ থাকায় ১২ আগস্ট ২০২১ তারিখ মন্ত্রণালয় ও যে সকল দপ্তর/সংস্থায় ডিজিটাল ডিসপ্লে বোর্ড (kiosk) আছে তাতে জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য প্রদর্শন করতে হবে। এছাড়া সকল দপ্তর/ সংস্থা তাদের অফিসগুলোতে পোস্টার/ ব্যানার স্থাপন করবে।	ক. আগামী ১৩, ১৪ ও ১৫ আগস্ট অফিস বন্ধ থাকায় ১২ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য ও বঙ্গবন্ধুর বাণী, কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত 'বঙ্গবন্ধুর স্বপ্নের কৃষি' ডকুমেন্টারি বিএডিসি'র ডিজিটাল ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করা। খ. জাতীয় শোক দিবস উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় হতে প্রাপ্ত পোস্টার বিএডিসি'র অধীনস্থ অফিসে স্থাপন করা এবং জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ব্যানার/ ড্রপডাউন ব্যানার অধীনস্ত সকল অফিসে স্থাপন করা।	ক.জনসংযোগ বিভাগ। খ. সাধারণ পরিচর্যা/নির্মাণ বিভাগ এবং সকল বিভাগ/ দপ্তর প্রধান
২.৪	(১) যে সকল দপ্তর/সংস্থার নির্দিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে সেই সকল শিক্ষা প্রতিষ্ঠান সম্ভব হলে ১৫ আগস্ট অথবা ১ দিন আগে বা পরে ভার্চুয়াল প্লাটফর্মে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতা'র আয়োজন করবে। (২) ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার প্রতিযোগিতা ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজন করবে।	ক. বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি এবং জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ অথবা ১ দিন আগে বা পরে ভার্চুয়াল প্লাটফর্মে বঙ্গবন্ধুর জীবনী ভিত্তিক বক্তৃতার আয়োজন করা। খ. বঙ্গবন্ধুর ০৭ মার্চের ঐতিহাসিক ভাষণ এবং শুদ্ধভাবে জাতীয় সঙ্গীত গাওয়ার প্রতিযোগিতা ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজন করা।	ক. নিয়োগ ও কল্যাণ বিভাগ খ. বিএডিসি'র আওতাধীন সকল প্রধান শিক্ষক।
২.৫	(১) যে সকল দপ্তর/সংস্থার নিজস্ব বিদ্যালয় রয়েছে সে সকল দপ্তর/সংস্থা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় এবং অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী যথাযথ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। (২) যে সকল দপ্তর/ সংস্থা হতে মাসিক/পাক্ষিক সাময়িকী প্রকাশিত হয় সে সকল দপ্তর/ সংস্থা ১৫ আগস্ট উপলক্ষ্যে বিশেষ সময়িকী প্রকাশ করবে।	ক. বিএডিসি'র আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী যথাযথ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা খ. জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে কৃষি সমাচারের বিশেষ সংখ্যা প্রকাশ করা।	ক. সকল প্রধান শিক্ষক। খ. জনসংযোগ বিভাগ।

ক্র.নং	কৃষি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচি	বিএডিসি কর্তৃক গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী বিভাগ/ দপ্তর
	(৩) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অথবা ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রাপ্ত অনুরোধ অনুযায়ী দপ্তর/সংস্থা সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ্-নাত্, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে।	গ. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অথবা ইসলামিক ফাউন্ডেশন থেকে প্রাপ্ত অনুরোধ অনুযায়ী বিএডিসি-তে সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ্-নাত্, আলোচনা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করা।	গ. নিয়োগ ও কল্যাণ বিভাগ এবং সকল বিভাগ/ অফিস প্রধান।
২.৬	(১) যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালন, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। (২) করোনা পরিস্থিতি উন্নতি হলে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় কেআইবি অথবা বিএআরসি-তে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করতে হবে। নতুবা ভার্চুয়াল প্লাটফর্মে সকল দপ্তর/সংস্থকে নিয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল এর আয়োজন করতে হবে। (৩) ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে সকল দপ্তর সংস্থা প্রধানগণ তাদের নিজ কার্যালয়সহ সারা দেশে অধ:স্থন সকল কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীগণের কর্মস্থলে অবস্থান নিশ্চিত করবেন এবং জাতীয়/স্ব স্ব দপ্তরের কর্মসূচিতে সকলের অংশগ্রহণ নিশ্চিত করবেন।	ক. করোনা পরিস্থিতি উন্নতি হলে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করা। নতুবা ভার্চুয়াল প্লাটফর্মে আলোচনা সভা ও দোয়া মাহফিল এর আয়োজন করা। (নিয়োগ ও কল্যাণ বিভাগ আলোচনা সভার দিনক্ষণ নির্ধারণপূর্বক সংশ্লিষ্ট সকলকে অবগত করবে) খ. সদর দপ্তর ও মাঠ পর্যায়ের বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদের আগামী ১৫ আগস্ট ২০২১ তারিখ রোজ রবিবার স্ব স্ব কর্মস্থলে উপস্থিত থাকা এবং স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় কর্মসূচিতে অংশ গ্রহণ নিশ্চিত করা। গ. বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীদের আগস্ট ২০২১ মাসে কালো ব্যাজ ধারণ করা।	ক. নিয়োগ ও কল্যাণ বিভাগ খ. সকল বিভাগ/ দপ্তর প্রধান গ. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ।

০৩. জাতীয় শোক দিবস ২০২১ যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যয় নির্বাহের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের চাহিদার পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

০৪. সভাপতি জাতীয় শোক দিবস ২০২১ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত আন্তরিকতার সাথে **সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে** প্রয়োজনীয় সকল প্রস্তুতি যথাসময়ে গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

০৫. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৭/২০২১

ড. অমিতাভ সরকার
চেয়ারম্যান (গ্রেড-১), বিএডিসি
ও
সভাপতি
জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায়
পালন সংক্রান্ত সভা।